অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৫১৪.৯৯.০১৪.২১

বিষয়: পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগের স্থায়ী দাদন ৭০০০/- টাকা হতে বৃদ্ধি করে ২০,০০০/- টাকা নির্ধারণকরণ প্রসঙ্গে।

অনুচ্ছেদ: ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিএন্ডডি (পানি ও হাইড্রোলজি) বিভাগের মাধ্যমে ঢাকা ওয়াসার আওতাধীন বিভিন্ন মড্স জোন, পানি (পূঃ ও উঃ) বিভাগ, সি.সি. বিভাগ, সি.এম. বিভাগ, বিভিন্ন পানি ও পয়ঃ শোধনাগার ইত্যাদির নানাবিধ কাজ যেমনঃ বিভিন্ন স্থাপনা- বিল্ডিং, রিটেইনিং ওয়াল, বাউন্ডারী ওয়াল, শোর পাইল, ওয়াচ টাওয়ার ইত্যাদি নির্মাণ কাজের ডিজাইনসহ নকশা প্রণয়ন, প্রিসেকশন ও পোস্টসেকশন মেজারমেন্ট ইত্যাদি কাজের ডিজাইন ও ড্রয়িং প্রণয়ন; ঢাকা ওয়াসার বিদ্যমান নিজস্ব রাস্তা নির্মাণ ও পুনর্বাসন কাজের নকশাসহ ডিজাইন প্রণয়ন; পানির লাইনের নকশা প্রনয়ণ, ভেটিং; গভীর নলকূপ স্থাপন, প্রতিস্থাপন সংক্রান্ত কাজ এবং কারিগরী পরামর্শ প্রদান ইত্যাদি কাজ সম্পাদন করা হয়। এছাড়া বিভিন্ন দপ্তরের কন্সট্রাকশন কাজের এজবিল্ট নকশা প্রণয়ন ও সংরক্ষন এবং ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্পের প্রকল্প সংশ্লিষ্ট সকল ডিজাইন, ডকুমেন্ট, ম্যানুয়াল সংরক্ষন এবং ঢাকা ওয়াসার রিসার্চ সংক্রান্ত সকল ম্যানুয়াল, ওয়াটার মাস্টার প্ল্যান অত্র দপ্তরের মাধ্যমে সংরক্ষন করা হয়। আধুনিক রিসার্চ অনুযায়ী ডিজাইন প্রণয়নের জন্য বিভিন্ন কোড, ডিজাইন ম্যানুয়াল, বই ইত্যাদি প্রতিনিয়তই ক্রয়ের প্রয়োজন পড়ে।

অত্র দপ্তরে দাপ্তরিক কাজের স্বার্থে ৩টি প্লটার মেশিন, ১টি ব্লু-প্রিন্ট মেশিন, ১টি ফটোকপি মেশিন, ১১টি কম্পিউটার ও ১টি ম্যাপ কপিয়ার রয়েছে। প্লটার মেশিনগুলোর প্লটার হেড ও টোনার পরিবর্তন, সার্ভিসিং গত কয়েকবছর যাবত প্রকিউরমেন্ট বিভাগের মাধ্যমে সম্পাদন করা হয় না। এছাড়া ফটোকপি মেশিন, ব্লু-প্রিন্ট মেশন ও ম্যাপ কপিয়ারগুলো পুরাতন এবং এগুলো প্রায়শই মেরামতের প্রয়োজন পড়ে। কর্তৃপক্ষের কাজের স্বার্থে ব্যবহৃত যন্ত্রপাতি সমূহ সচল রাখার জন্য প্রায়শই বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় করা প্রয়োজন হয় এবং এদের খুচরা মূল্য ও সার্ভিসিং চার্জ অনেক বেশি।

বর্তমানে দাপ্তরিক কাজের প্রয়োজনে অত্র দপ্তরের জনবলের সাইট ভিজিটের পরিমান অনেক বেশি এবং এই কাজে বিভিন্ন মেসিনারিজ যেমনঃ লেভেল মেশিন, টোটাল স্টেশন, ডিস্টেন্স মেজারিং হুইল ইত্যাদি সাইটে আনা-নেওয়ার জন্য আলাদা যানবাহন ব্যবহারের দরকার পড়ে। প্রিসেকশন ও পোস্টসেকশন মেজারমেন্ট নেওয়ার জন্য দৈনিক মজুরী ভিত্তিতে লোক নেওয়ার প্রয়োজন পড়ে।

অনুচ্ছেদ: ১.১

বর্তমানে অত্র দপ্তরে বিদ্যমান স্থায়ী দাদনের পরিমান ৭০০০/- টাকা যা ২০০১ সালে অনুমোদিত হয়। ৭০০০/- টাকার স্থায়ী দাদন সর্বোচ্চ ১০০০/-টাকার ভাউচারের মাধ্যমে সমন্বয় করতে হয়। বর্তমান বাজার অনুযায়ী বাস্তবতার নিরিখে ৭০০০/-টাকার স্থায়ী দাদন যেমন যথেষ্ট নয় তেমনি ১০০০/- এর ভাউচারে তা সমন্বয় করাও কঠিন হয়ে পড়ে। উল্লেখ্য যে, বর্তমানে ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তর যেমনঃ মড্স জোন-৪, সি.এম. বিভাগ ইত্যাদি এর স্থায়ী দাদনের পরিমান ২০,০০০/-।

অনুচ্ছেদ: ১.২

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ননার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে, পিএন্ডিডি (পানি ও হাইড্রোলজি) বিভাগের কাজ সহজীকরণ এবং গতিশীলতা বৃদ্ধি করণের লক্ষ্যে নিম্নলিখিত আর্থিক ও প্রশাসনিক প্রস্তাবসমূহের সদয় অনুমোদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক প্রদান করা যেতে পারেঃ

ক) স্থায়ী দাদনের পরিমান ৭০০০/- টাকা এর স্থলে ২০,০০০/- টাকা নির্ধারণের অনুমোদন।

খ) স্থায়ী দাদন সমন্বয়ের জন্য ১,০০০/- টাকার ভাউচারের স্থলে ৫,০০০/- টাকা নির্ধারণের অনুমোদন।

৯-১২-২০২১ ১৩:২৯:৪৭ সাকিবুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ	৯-১২-২০২১ ১৩:৩৫:৪৯ মোঃ আব্দুল হান্নান সহকারী প্রকৌশলী পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ	৯-১২-২০২১ ১৫:১:০৬ এস. এম. তৌফিকুর রহমান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ	~~৯-১২-২০২১ ১৫:৩২:০০~~ ~~এ কে এম সমসাম সাহিন~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পি এন্ড ডি সার্কেল~~

অনুচ্ছেদ: ১.৩

আলোচনার জন্য

৯-১২-২০২১ ১৫:৩২:০০
এ কে এম ফয়সাল মতিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পি এন্ড ডি সার্কেল

~~৯-১২-২০২১ ১৫:৪৯:৪১~~
~~এস. এম. তৌফিকুর রহমান~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ~~

অনুচ্ছেদ: ১.৪

অনুচ্ছেদ-১.৩ এ তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের টোকার প্রেক্ষিতে আলোচনা করা হল। অত্র দপ্তরে বিদ্যমান প্লটার মেশিন, ব্লু-প্রিন্ট মেশিন, ম্যাপ কপিয়ার, ফটোকপি মেশিন ইত্যাদি অত্যন্ত পুরাতন এবং এগুলোর হেড, টোনার পরিবর্তনসহ সার্ভিসিং প্রতিনিয়তই করতে হয় যা ১০০০ টাকার ভাউচারে সমন্বয় করা যায় না। এছাড়া বাস্তবতার নিরিখে বর্তমান বাজার ও কাজের পরিধি অনুযায়ী অত্র দপ্তরে বিদ্যমান ৭০০০/-টাকার স্থায়ী দাদন যথেষ্ট নয়।

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ননার আলোকে পিএন্ডিডি (পানি ও হাইড্রোলজি) বিভাগের কাজ সহজীকরণ এবং গতিশীলতা বৃদ্ধি করণের লক্ষ্যে নিম্নলিখিত আর্থিক ও প্রশাসনিক প্রস্তাবসমূহের সদয় অনুমোদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক প্রদান করা যেতে পারেঃ

ক) স্থায়ী দাদনের পরিমান ৭০০০/- টাকা এর স্থলে ১৮,০০০/- টাকা নির্ধারণের অনুমোদন।

খ) স্থায়ী দাদন সমন্বয়ের জন্য ১,০০০/- টাকার ভাউচারের স্থলে ৩,০০০/- টাকা নির্ধারণের অনুমোদন।

৯-১২-২০২১ ১৫:৪৯:৪১
এস. এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ

৯-১২-২০২১ ১৬:৪:১১
এ কে এম ফয়সাল মতিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পি এন্ড ডি সার্কেল

৯-১২-২০২১ ১৬:৪৩:২৪
মোঃ আখতারুজ্জামান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গবেষণা,পরিকল্পনা এবং উন্নয়ন)

~~১০-১২-২০২১ ২১:৪৯:৩৬~~
~~মোঃ আবুল কাশেম~~
~~ডাইরেক্টর (উন্নয়ন)~~
~~ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর~~

অনুচ্ছেদ: ১.৫

Please speak.

১০-১২-২০২১ ২১:৪৯:৩৬
মোঃ আবুল কাশেম
ডাইরেক্টর (উন্নয়ন)
ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর

১২-১২-২০২১ ১১:৫৮:১৬
এ কে এম ফয়সাল মতিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পি এন্ড ডি সার্কেল

~~১২-১২-২০২১ ১৩:৩৯:৩২~~
~~এস. এম. তৌফিকুর রহমান~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ~~

অনুচ্ছেদ: ১.৬

অনুচ্ছেদ-১.৫ এ ডাইরেক্টর (ডেভেলপমেন্ট) মহোদয়ের টোকার প্রেক্ষিতে আলোচনা করা হল। আলোচনার প্রেক্ষিতে পিএন্ডডি (পানি ও হাইড্রোলজি) বিভাগের কাজ সহজীকরণ এবং গতিশীলতা বৃদ্ধি করণের লক্ষ্যে নিম্নলিখিত আর্থিক ও প্রশাসনিক প্রস্তাবসমূহের সদয় অনুমোদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক প্রদান করা যেতে পারেঃ

ক) স্থায়ী দাদনের পরিমান ৭০০০/- টাকা এর স্থলে ১৫,০০০/- টাকা নির্ধারণের অনুমোদন।

খ) স্থায়ী দাদন সমন্বয়ের জন্য ১,০০০/- টাকার ভাউচারের স্থলে ৩,০০০/- টাকা নির্ধারণের অনুমোদন।

১২-১২-২০২১ ১৩:৩৯:৩২
এস. এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ

১২-১২-২০২১ ১৩:৫১:১৪
এ কে এম ফয়সাল মতিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পি এন্ড ডি সার্কেল

১২-১২-২০২১ ১৮:১৪:২৭
মোঃ আখতারুজ্জামান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গবেষণা,পরিকল্পনা এবং উন্নয়ন)

১৭-১২-২০২১ ২২:৩৭:৪৭
মোঃ আবুল কাশেম
ডাইরেক্টর (উন্নয়ন)
ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর

~~২০-১২-২০২১ ৭:১৭:০২~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ: ১.৭

Okay

২০-১২-২০২১ ৭:১৭:০২
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৩-১২-২০২১ ১২:১৬:০৯ মোঃ আবুল কাশেম ডাইরেক্টর (উন্নয়ন) ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর	২৬-১২-২০২১ ১০:১৫:১৮ এ কে এম ফয়সাল মতিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পি এন্ড ডি সার্কেল	২৬-১২-২০২১ ১০:১৫:১৮ এস. এম. তৌফিকুর রহমান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ